

চবিতে ৩ দিনে মিলবে সনদ

চবি সংবাদদাতা

০৯ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



শিক্ষার্থীদের অ্যাকাডেমিক সনদ উত্তোলনে ভোগান্তি কমাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) চালু করা হয়েছে ‘ই-মেইলিং সার্টিফিকেশন সার্ভিস’। এর ফলে তিন দিনেই পাওয়া যাবে জরুরি সনদ। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ে সার্ভিসটি উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইয়াহুইয়া আখতার।

পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. এনায়েত উল্যা পাটওয়ারী বলেন, আমরা ই-মেইলিং সার্টিফিকেশন সার্ভিসেস নামে শিক্ষার্থীদের জন্য একটি সেবা চালু করেছি। এই সেবায় শিক্ষার্থীরা তিন দিনের মধ্যে জরুরিভাবে সনদ তুলে নিতে পারবেন। এ ছাড়া নিয়মিতভাবে সনদ তুলে নিতে তাদের মাত্র সাত দিন সময় লাগবে। তিনি বলেন, এই সার্ভিসের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের সার্টিফিকেটের জন্য জমাকৃত আবেদনের আপডেট জানতে পারবেন। একজন শিক্ষার্থী সনদের জন্য আবেদন করলে সেটি আমাদের কম্পিউটারে আসবে এবং তাকে ই-মেইলে জানিয়ে দেওয়া হবে, তার আবেদন সাবমিট হয়েছে। আমরা আবেদনটি যাচাই-বাছাই করে যদি দেখি সবকিছু ঠিক আছে, তবে তাকে জানানো হবে আপনার আবেদন সফলভাবে সাবমিট হয়েছে। আবেদনে কোনো সমস্যা থাকলে আবেদনকারীকে সুনির্দিষ্ট করে জানিয়ে দেওয়া হবে কোথায় ভুল আছে। পরে তা সংশোধন করা হলে শিক্ষার্থীদের সনদ নেওয়ার জন্য নির্দিষ্ট তারিখ জানিয়ে দেওয়া হবে। এভাবে শিক্ষার্থীরা ভোগান্তি ছাড়াই সনদ নিতে পারবে।

পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, শিক্ষার্থীরা সনদের জন্য ১ মাস আগে আবেদন করে মনে করতেন তাদের সনদ প্রস্তুত হয়ে গেছে। অনেক দূর থেকে এসে যখন দেখতেন সেটা হয়নি, তখন কান্নাকাটি করতেন। দূর-দূরান্ত থেকে এসে ভোগান্তির শিকার হতো। এখন সেটা আর হবে না। একজন শিক্ষার্থী ই-মেইলের মাধ্যমে জানতে পারবেন তাকে কোন তারিখে এসে সনদ তুলে নিতে হবে বা তার সনদ প্রস্তুত হয়েছে কি না।

উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইয়াহুইয়া আখতার বলেন, আমরা শিক্ষার্থীদের সুবিধার্থে এই সিস্টেম চালু করেছি। এতে দূর থেকে আসা শিক্ষার্থীদের আর ভোগান্তিতে পড়তে হবে না। সনদ প্রস্তুত হলে তারা জানতে পারবেন এবং নিজেদের সময়মতো এসে সনদ তুলে নিতে পারবেন।